# Times Today BD

মো. তাহসিন হাসান | দেশজুড়ে | 08 July, 2025

কক্সবাজারের চকরিয়া পৌর শহরের বিভিন্ন রেস্টুরেন্টে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার প্রস্তুত ও বিক্রির অভিযোগে অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত।অভিযানে মোট ২৪ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল সোমবার (৭ জুলাই) বিকেলে চকরিয়া পৌরসভার বানিজ্যিক এলাকায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট রুপায়ন দেব এই অভিযান পরিচালনা করেন। অভিযানে সঙ্গী ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্যানিটারি পরিদর্শক আরিফুল ইসলাম এবং চকরিয়া থানা পুলিশের একটি দল।

অভিযানকালে একাধিক নামি-দামি রেস্টুরেন্টে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য প্রস্তুত, রান্নাঘরের অজস্র অনিয়ম ও অপরিচ্ছন্নতা লক্ষ্য করা হয়। এছাড়া এসব খাবার জনসাধারণের কাছে বিক্রি করা হচ্ছিল বলে অভিযোগ উঠে। এ কারণে সংশ্লিষ্ট রেস্টুরেন্ট মালিকদের কাছ থেকে ১৯ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযান চলাকালে চিরিঙ্গা সোসাইটি এলাকায় একটি লাইব্রেরিতে সরকারি অনুমোদনবিহীন স্ট্যাম্প বিক্রির অভিযোগে আরও ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এই তথ্য নিশ্চিত করেছেন চকরিয়া উপজেলা ভূমি অফিসের নাজির ও আদালতের পেশকার মনির উদ্দিন আহমদ।

ভ্রাম্যমাণ আদালতের ম্যাজিস্ট্রেট রুপায়ন দেব বলেন, “অস্বাস্থ্যকর পরিবেশে খাবার প্রস্তুত কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। অভিযুক্ত রেস্টুরেন্টগুলোকে পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রেখে স্বাস্থ্যসম্মত খাবার তৈরির নির্দেশ দেওয়া হয়েছে। জনস্বার্থে এ ধরনের অভিযান নিয়মিত চলবে, প্রয়োজনে জেল ও অধিক জরিমানার ব্যবস্থা নেওয়া হবে।”

ভ্রাম্যমাণ আদালত কক্সবাজার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 18:18

URL: https://timestodaybd.com/public/across-the-country/4420775807